শ্রী শ্রী গণেশ পূজা পদ্ধতি

পন্ডিত শ্রী শ্যামাচরণ ভট্টাচার্য্য

সবার অবগতি স্বরূপ জানানো যাচ্ছে যে ॐ পৌরোহিত্য-পূজা বিজ্ঞান। 🔯 গ্রুপ নিজেরা কোনো ধরনের পিডিএফ তৈরী,পরিবর্তন,পরিবর্ধন করে না এবং এর দায় ও স্বীকার করেনা। বিভিন্ন অনলাইন মাধ্যম হতে পিডিএফ গুলি সংগৃহিত।

বরাত বিহীন

শ্রীশ্রীগণেশ পূজা পদ্ধতি

হালখাতা

(শ্রীশ্রীগণেশ পূজা, বিষ্ণু-লক্ষ্মী পূজা, বহুবিধ মুদ্রা,
হোমাদি সহ সম্পূর্ণ পূজাবিধি ও ফৰ্দ্দমালাসহ)

পণ্ডিত শ্রীশ্যামাচরণ ভট্টাচার্য্য কর্ত্তৃক সঙ্কলিত।
শ্রীশক্তিপদ চক্রবর্তী কর্ত্তৃক সম্পাদিত।

সূচিপত্র

ফৰ্দ্দমালা

সিদ্ধি, সিন্দূর, তিল, হরীতকী, পঞ্চশস্য, পঞ্চগুঁড়ি, ঘট, কুণ্ডহাঁড়ি, দর্পণ, তীরকাঠি ৪, সর্বৌষধি, সাদা সূতা, পৈতা ২, পঞ্চপল্লব, ছোট চাঁদমালা, ঘটাচ্ছাদন গামছা, আসনাঙ্গুরীয়, মধুপর্কের বাটি, মধু, মাষকলাই, শ্বেতসরিষা, সশীষ ডাব, ধূপ, ধুনা, কর্পূর, বিষ্ণুর জোড়, আতপ চাউল ১ সরা, রচনা হাঁড়ি ১, পুরোহিত বরণ, বস্ত্র, উত্তরীয় ও বরণাঙ্গুরীয়, গণেশের ধুতি, লক্ষ্মীর শাড়ি, দুধ, দধি, গোময়, গোচনা, নৈবেদ্যের আতপ চাউল, ফলাদি, মিষ্টান্নাদি, নৈবেদ্য ৪, কুচানৈবেদ্য ১, থালা, গেলাস, পুষ্পমাল্য ও পুষ্পাদি, প্রদীপ, লড্ডুক, আরতির দ্রব্য, মৃত্তিকা, বালি, কাষ্ঠ, পাটকাঠি, গব্যঘৃত, বিল্বপত্র সমিধ ১০৮, লক্ষ্মীর ২৮, পূর্ণপাত্র, পান, হোমের বস্ত্রখণ্ড, কলা, দক্ষিণান্ত।

হালখাতা

নববর্ষের প্রথম দিনে অর্থাৎ ১লা বৈশাখ অথবা অক্ষয় তৃতীয়া তিথিতে, বাণিজ্য-বৃদ্ধির কামনায় ব্যবসায়িগণ হালখাতা (নূতন খাতা) পূজা করিয়া থাকেন; ইহাতে গণেশের সহিত বিষ্ণু এবং লক্ষ্মীর পূজা করিতে হয়।

খাতার প্রথম পৃষ্ঠায় সিন্দূর দ্বারা একটি স্বস্তিক বা পুত্তলিকা খাতার উপরিভাগের মধ্যে অঙ্কিত করিবেন। ইহার উভয় পার্শ্বে প্রচলিত মুদ্রায় সিন্দূর মাখাইয়া দুইটি ছাপ দিবেন দুই পার্শ্বে। তাহার উপরে সিদ্ধি ও চন্দনযুক্ত বিল্বপত্র দিবেন।

প্রতিমা বসাইবার নিয়ম

চৌকিতে নূতন বস্ত্র পাতিয়া তাহার উপর গণেশ ও লক্ষ্মী প্রতিমা দুইটিকে বসাইবেন। গণেশ প্রতিমার ডানদিকে লক্ষ্মী প্রতিমাকে বসাইবেন। প্রতিমাকে পশ্চিম অথবা দক্ষিণমুখে বসাইয়া, প্রতিমার সম্মুখে পঞ্চগুঁড়ি দ্বারা অষ্টদল পদ্ম অঙ্কন করিয়া তদুপরি গঙ্গামৃত্তিকা বা শুদ্ধ মৃত্তিকা দিয়া তাহার উপর পঞ্চশস্য দিয়া তাহার উপর নাতি হ্রস্ব ও নাতি দীর্ঘ ঘট জলদ্বারা পূর্ণ করিয়া বসাইবেন। ঘটের মধ্যে পঞ্চরত্ন ও সর্বৌষধি দিবেন। ঘটে সিন্দূরদ্বারা

স্বস্তিক বা পুত্তলিকা অঙ্কন করিবেন। ঘটের মুখে পঞ্চপল্লব দিয়া তদুপরি এক সরা আতপ চাউল ও তদুপরি সশীষ ডাব দিয়া চাঁদমালা ও ঘটাচ্ছাদন গামছা দিবেন। ঘটের সম্মুখে কিঞ্চিৎ মৃত্তিকা দিয়া, তদুপরি পঞ্চশস্য দিয়া কুণ্ডহাঁড়ি বসাইবেন। তদুপরি তেকাঠা ও দর্পণ স্থাপন করিবেন। অতঃপর চারিকোণে মৃত্তিকা দিয়া তদুপরি চারিটি তীরকাঠি পুঁতিয়া সূত্রবেষ্টন করিবেন। ঘটের গলায় সাদা সূতা ও দূর্বা বাঁধিয়া দিবেন। দর্পণে সিন্দূর দিয়া দেবতার বীজমন্ত্র ''গাং'' লিখিয়া দিবেন। সাদা সূতাদ্বারা তীরকাঠি বেষ্টন করিবেন। পরে ইহাদের ঘটস্থাপনের সময় মন্ত্র পাঠ করিবেন।

প্রয়োগ—কৃতনিত্যক্রিয় পূজক ধূপ-দীপ জ্বালাইয়া উত্তর বা পূর্বমুখে বসিয়া আচমন করিবেন।

আচমন—দক্ষিণ হস্তের তালু গোকর্ণাকৃতি করিয়া একটি মাষকলাই ডুবিতে পারে, এইরূপ জল তিনবার পান করিবেন ও তিনবার বলিবেন—''ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণুঃ।'' অতঃপর হস্ত প্রক্ষালন করিয়া বিষ্ণুস্মরণ করিবেন।

বিষ্ণুস্মরণ—করযোড়ে পাঠ করিবেন—''ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদম্, সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।। ওঁ অপবিত্র পবিত্রোবা সর্বাবস্থাং গতোঽপিবা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।। ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি। স্মরন্তি মাধবঃ সর্বে সর্বকার্য্যেষু মাধবম্।। ওঁ সর্বমঙ্গল্য মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্। নারায়ণং

নমস্কৃত্য সর্বকর্মাণি কারয়েৎ।।” অতঃপর সূর্য্যার্ঘ্য দিবেন।

সূর্য্যার্ঘ্য—কুশীতে জবা অথবা রক্তবর্ণপুষ্প, রক্তচন্দন, দূর্বা, আতপ তণ্ডুল লইয়া উভয় হস্তে ধারণপূর্বক মন্ত্র পাঠ করিবেন। যথা (সামবেদীয়)—“ওঁ নমো বিবস্বতে ব্রহ্মণ্ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎসবিত্রে, শুচয়ে সবিত্রে কর্মদায়িনে, ইদমর্ঘ্যং ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ।” মন্ত্র পাঠান্তে কপালে ঠেকাইয়া সূর্য্যের উদ্দেশ্যে তাম্রটাটে দিবেন।

(যজুঃ)—উক্তরূপে কুশীতে অর্ঘ্য সাজাইয়া মন্ত্র পাঠ করিবেন। যথা—“ওঁ এহিসূর্য্য সহস্রাংশো তেজরাশো জগৎপতে। অনুকম্পয় মাং ভক্ত্যাং গৃহাণার্ঘ্যং দিবাকরম্।। এষোঽর্ঘ্য ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ।।” মন্ত্র পাঠান্তে কপালে ঠেকাইয়া সূর্য্যের উদ্দেশ্যে তাম্রটাটে দিয়া প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র—“ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণেতোঽস্মি দিবাকরম্।।” অতঃপর স্বস্তি বাচন করিবেন।

স্বস্তিবাচন—কুশীতে আতপ চাউল লইয়া বামহস্তের তালুতে রাখিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদন করতঃ স্বস্তিবাচন মন্ত্র পাঠ করিবেন। যথা—“ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীগণেশ পূজা কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তোঽধি ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহম্।।”

“ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীগণেশ পূজা কর্মণি, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ স্বস্তি

ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি ।।"

ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীশ্রীগণেশ পূজা কর্মণি, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু। ওঁ ঋদ্ধ্যতাম, ওঁ ঋদ্ধ্যতাম, ওঁ ঋদ্ধ্যতম ।।" অতঃপর কুশীর আতপ চাউলগুলি ছড়াইতে ছড়াইতে ঘণ্টাধ্বনি সহকারে স্ব স্ববেদোক্ত স্বস্তিসূক্ত মন্ত্র পাঠ করিবেন।

স্বস্তিসূক্ত (সাম)—"ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি ।।"

স্বস্তিসূক্ত (যজুঃ)—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ।। ওঁ গণানাং ত্বা গণপতিগুঁ হবামহে, ওঁ প্রিয়ানাং ত্বা প্রিয়পতিগুঁ হবামহে, ওঁ নিধীনাং ত্বা নিধিপতিগুঁ হবামহে, বসো মম। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি ।।"

স্বস্তিসূক্ত (ঋগ্বেদীয়)—"ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ, স্বস্তিদেব্যদিতিরণর্বণঃ। স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা।। ওঁ স্বস্তয়ে বায়ুমূপ ব্রবামহৈ সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ। বৃহস্পতিং সর্বগণং স্বস্তয়ে স্বস্তয় আদিত্যাসো ভবন্তু নঃ ।। ওঁ বিশ্বে দেবা নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে। দেবা অবন্ত্বভবঃ স্বস্তয়ে, স্বতি নো রুদ্রঃ পাত্বং হসঃ ।। ওঁ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি পথ্যে রেবতী। স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতে

কৃধি।। ওঁ স্বস্তি পন্থামনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব। পুনর্দ্দদতাঘ্নতা জানতা সংগমেমহি।। ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্ভুতং বায়সং দেবতানাং। অসুরঘ্নমিন্দ্রসখং সমৎসু বৃহদযশো নাবমিবা রুহেম।। ওঁ অংহো মুচমাঙ্গিরসং গায়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যং। প্রযতপাণিঃ শরণং প্রপদ্যে, স্বস্তি সংবাধেম্বভয়ং নো অস্তু।। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।।" অতঃপর করযোড়ে সাক্ষ্যমন্ত্র পাঠ করিবেন।

সাক্ষ্যমন্ত্র—"ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যেভূতান্যহঃক্ষপা, পবনো দিক্‌পতির্ভূমি-রাকাশং খচরামরার। ব্রাহ্মং শাসন মাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিং।।"

বিঃ দ্রঃ—সাক্ষ্যমন্ত্রটি সর্ববেদীরই পাঠ্য।

অতঃপর সঙ্কল্প করিবেন।

সঙ্কল্প—কুশীতে আতপ চাউল, তিল, হরীতকী, পুষ্প, কুশ লইয়া বাম হস্তে রাখিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদনপূর্বক সঙ্কল্প বাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে ব্রাহ্মণ পক্ষে) অমুক গোত্রস্য শ্রীঅমুকদেবশর্মণঃ (শূদ্র ও স্ত্রীলোক পক্ষে) শ্রীঅমুকদাসস্য, (ব্রাহ্মণ স্ত্রী পক্ষে)—শ্রীঅমুকী দেব্যাঃ (শূদ্র স্ত্রী পক্ষে) শ্রীঅমুকী দাস্যা বাণিজ্যবৃদ্ধি কামঃ (স্ত্রী পক্ষে—কামাঃ) বিষ্ণু-লক্ষ্মী সহিত শ্রীশ্রীগণেশ পূজা কর্মাহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।"

অতঃপর কুশীটি তাম্রটাটে উপুড় করিয়া দিয়া তদুপরি পুষ্প ও আতপ চাউল ছড়াইতে ছড়াইতে স্ব স্ববেদোক্ত সঙ্কল্পসূক্ত পাঠ করিবেন।

সঙ্কল্পসূক্ত (সাম)—"ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্যাসিচ্‌ম। উদ্বা সিঞ্চধব মূপ বা পৃণধ্ব মাদিদ্বো দেবওহতে।।" ওঁ সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু।।"

সঙ্কল্পসূক্ত (যজুঃ)—"ওঁ যজ্জাগ্রতো দূরমুদ্যৈতি দৈবং তদুসুপ্তস্য তথৈবৈতি। দুরঙ্গরমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মমঃ শিবসঙ্গল্পমস্তু।।"

সঙ্কল্পসূক্ত (ঋগ্বেদীয়)—"ওঁ যা গুঙ্গুর্যা সিনীবালী যা রাকা যা সরস্বতী। ইন্দ্রনীমহ্ব উতয়ে বরুণানীং স্বস্তয়ে।।" অতঃপর সামান্যার্ঘ্য স্থাপন করিবেন।

সামান্যার্ঘ্য স্থাপন—ভূমিতে নিম্নমুখ ত্রিকোণ মণ্ডল জলদ্বারা অঙ্কন করিয়া তদুপরি গন্ধপুষ্পদ্বারা পূজা করিবেন। যথা—"ওঁ আধারশক্তয়ে নমঃ। ওঁ কূর্মায় নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ।।" অতঃপর 'ফট্' মন্ত্রে কোশা প্রক্ষালনপূর্বক "এতে গন্ধপুষ্পে ওঁ গঙ্গাদি তীর্থেভ্যো নমঃ।" মন্ত্রে কোশার অগ্রভাগে অর্ঘ্য সাজাইয়া অঙ্কুশমুদ্রাযোগে কোশার জলে তীর্থাবাহন করিবেন। যথা—"ওঁ গঙ্গে চ যমুন চৈব গোদাবরি সরস্বতি। নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন সন্নিধিং কুরু।।" অতঃপর কোশার জলে ধেনুমুদ্রা এবং যোনিমুদ্রা প্রদর্শন করাইয়া, মৎস্যমুদ্রায় আচ্ছাদনপূর্বক "গাং" মূলমন্ত্র আটবার জপ করিবেন। অতঃপর দ্বারপূজা করিবেন।

অঙ্কুশমুদ্রা

ধেনুমুদ্রা

যোনিমুদ্রা

মৎস্যমুদ্রা

দ্বারপূজা—'ফট্' মন্ত্রে সামান্যার্ঘ্যের জলদ্বারা দ্বারদেশ অভ্যুক্ষণ করতঃ আবাহন করিবেন। যথা—"ওঁ দ্বারদেবতাদয়ঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত, ইহসন্নিরুধ্যধ্বম, অত্রাধিষ্ঠানং করুতঃ, মম পূজাং গৃহ্নীত।" এইরূপে আবাহন্যাদি পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ। এষ গন্ধঃ ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ। এষ ধূপঃ ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ। এষ দীপঃ ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ। এতন্নৈবেদ্যাম্ ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ। ইদমাচনীয়ম্ ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ।" মন্ত্রে পূজা করিয়া বিঘ্নাপসারণ করিবেন।

বিঘ্নাপসারণ—"ওঁ গাং" মন্ত্রে দিব্যদৃষ্টি দ্বারা দিব্যবিঘ্ন, "অস্ত্রায় ফট্।" মন্ত্রে অন্তঃরীক্ষের বিঘ্ন এবং বামপদের গোড়ালীদ্বারা মাটিতে আঘাতপূর্বক ভৌমবিঘ্ন অপসারণ

করিবেন। অতঃপর মাষভক্তবলি দিবেন।

মাষভক্তবলি—সম্মুখের ভূমিতে কলাপাতায়, বেলপাতায় বা মাটির খুরিতে মাষকলাই, আতপ চাউল ও দধি দিয়া সাজাইয়া ভূতগণের আবাহন করিবেন। যথা—"ওঁ ভূতাদয়ঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহাতিষ্ঠত, ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্নীত।।" এই রূপে আবাহনাদি পঞ্চমুদ্রাদ্বারা আবাহনান্তে গন্ধ-পুষ্পাদির দ্বারা পূজা করিবেন।

যথা—"এষ গন্ধঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এষ ধূপঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এষ দীপঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।" এইরূপে পূজান্তে বামহস্তে মাষভক্তবলি স্পর্শ করতঃ উহা তিনবার মন্ত্র পাঠান্তে কুশোদকে অভ্যুক্ষণ করিবেন।* যথা—"বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানেভ্যো ভূতাদিভ্যো নমঃ।।" এইরূপে উৎসর্গ করিয়া করযোড়ে পাঠ করিবেন। যথা—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্ত বলিরেষ প্রসাধিতঃ।। পূজিতা

* অনেক পূজা না করিয়াই মাষভক্তিবলি নিবেদন করেন। কিন্তু মধ্যে উল্লেখ আছে 'পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বনির্ভিঃ স্তপিত সদা, এই প্রমাণ অনসারে গন্ধপুষ্প দ্বারা পূজা করতঃ বলি উৎসর্গ করিবেন।

গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিঃ স্তর্পিতা সদা। দেশাদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্।।" অতঃপর এক গণ্ডূষ জল লইয়া "ওঁ ভূতাদয় ক্ষমধ্বম্।" মন্ত্রে দিয়া, আতপ তণ্ডুল ও শ্বেত সরিষা লইয়া "ফট্"মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করিয়া চতুর্দিকে বিকিরণ করিবেন। যথা—"ওঁ অপসর্পন্তু তে ভূতাঃ যে ভূতাঃ ভূবি সংস্থিতা। যে ভূতাঃ বিঘ্নকর্তারস্তে পশ্যন্ত শিবাজ্ঞয়া।। ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্বে নারসিংহেন তাড়িতঃ।।" অতঃপর আসনশুদ্ধি করিবেন।

আসনশুদ্ধি—আসনের নিম্নে জলদ্বারা নিম্নমুখ ত্রিকোণ মণ্ডল অঙ্কন করিয়া মন্ত্র পাঠপূর্ব্বক তাহাতে গন্ধপুষ্প দিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তয়ে কমলাসনায় নমঃ।" অতঃপর আসন ধরিয়া পাঠ করিবেন। যথা—"ওঁ অস্য আসনোপবেশন মন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দো কূর্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্।।" অতঃপর গুরুপংক্তি প্রণাম করিবেন।

গুরুপংক্তি প্রণাম—করযোড়ে পাঠ করিবেন—বামে—"গুরুভ্যো নমঃ। ওঁ পরমগুরুভ্যো নমঃ। ওঁ পরাপর গুরুভ্যো নমঃ। ওঁ পরমেষ্ঠী গুরুভ্যো নমঃ।" দক্ষিণে—"ওঁ গণেশায় নমঃ।" উর্দ্ধে—"ব্রহ্মণে নমঃ।" অধঃ—"অনন্তায় নমঃ।" পশ্চাতে—"ওঁ

ক্ষেত্রপালায় নমঃ।” সম্মুখে—“ওঁ গাং গণেশায় নমঃ।” অতঃপর পুষ্পশুদ্ধি করিবেন।

পুষ্পশুদ্ধি—পুষ্পপাত্রে সামান্যার্ঘ্যের জল দিয়া নারাচমুদ্রায় পুষ্প স্পর্শ করিয়া পাঠ করিবেন। যথা—“ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক সম্বন্ধায় হুং। ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বহা।” এবার স্ব স্ববেদোক্ত মন্ত্রে পঞ্চগব্য শোধন করিবেন।

পঞ্চগব্য শোধন (সাম)—গোময়—গায়ত্রী পাঠ্য। গোময়—“ওঁ গাবশ্চিদ্‌ঘা সমন্যবঃ সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ ।।” দুগ্ধ— “ও গব্যোষু ণো যথা পুরাশ্বয়োত রথয়া। রবিবস্যা মহোনাম্ ।।” দধি—“ওঁ দধিক্রাব্‌নো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ প্র ণ আয়ুংসি তারিষৎ।।” ঘৃত—“ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্বী পৃথ্বি মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্মণা বিস্কভিতে অজরে ভুরিরেতসা ।।” কুশোদক—“ওঁ দ্যোরাপঃ বাণিক্রদৎ সিন্ধোরাপো মরুতো মাদয়ন্তাং ঘর্মজ্যোতিঃ ।।” অতঃপর গায়ত্রী পাঠান্তে সমস্ত একত্রে মিশাইবেন।

পঞ্চগব্য শোধন (যজুঃ)—গোমূত্র—গায়ত্রী পাঠ্য। গোময়—“ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্ ।।” দুগ্ধ—“ওঁ আ প্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য

নারাচমুদ্রা

সঙ্গথে।।” দধি—“ওঁ দধিক্রাব্নো অকারিষং জিষ্ণো রশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ প্র ণ আয়ুসি তারিষৎ।।” ঘৃত—“ওঁ তেজোঽসি শুক্রমপ্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।।” কুশোদক—“ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যামাদদে।।” অতঃপর গায়ত্রী পাঠান্তে সমস্ত একীকরণ করিবেন।

পঞ্চগব্য শোধন (ঋগ্বেদীয়)—গোমূত্র—গায়ত্রী পাঠ্য। গোময়—“ওঁ গাবশ্চিদ্‌ঘা সমন্যবঃ সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রহিতে কুকুভো মিথঃ।।” দুগ্ধ—“ওঁ আপো অদ্যান্বচারিষং রসেন সমগামহি। পয়স্বানগ্ন আ গহি তং মা সংসৃজ বর্চসা।। “ঘৃত—“ওঁ অগ্নিরশ্মি জন্মনা জাতবেদা ঘৃতং মে চক্ষুরমৃতং ম আসন্। অর্কস্ত্রিধাতু রজসো বিমানেঽজস্রো ঘর্মো হবিরশ্মিনাম।।” কুশোদক—“ওঁ যোগে যোগে তবস্তরং বলাজে বাজে হবামহে। সখায় ইন্দ্রমূতয়ে (আয়ুসে প্রজায়ৈ)। একীকরণ—“ওঁ গায়ত্রেণ ত্বা ছন্দাসি মন্থামি ত্রৈষ্টুভেন ত্বা ছন্দসা মন্থামি। আনুষ্টুভেন ত্বা ছন্দসা মন্থামি জাগতেন ত্বা ছন্দসা মন্থানি ভূর্ভুবঃ স্বস্তয়ীষতে।।” অতঃপর ভূতশুদ্ধি করিবেন।

ভূতশুদ্ধি—“রং” মন্ত্রে আপনার চর্তুদিকে জলধারা দিয়া আপনাকে বহ্নি প্রাচীরের মধ্যবর্তী চিন্তা করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্বক দেবতাকে চিন্তা করিলেই সংক্ষেপে ভূতশুদ্ধি হয়। মন্ত্র চতুষ্টয় যথা—“ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা।।১।। ওঁ যং লিঙ্গশরীরং শোষয় স্বাহা।।২।। ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ

স্বাহা ॥৩॥ ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জল জ্বল প্রজ্বল প্রজ্বল হংসঃ সোঽহং স্বাহা ॥৪॥" অতঃপর প্রাণায়াম করিবেন।

প্রাণায়াম—দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণনাসাপুট ধারণ করিয়া "ওঁ গাং" মূলমন্ত্র ষোড়শবার (১৬) জপ করিতে করিতে বামনাসাপুট দ্বারা বায়ুপূরণ করিবেন। কনিষ্ঠা ও অনামিকার দ্বারা বামনাসাপুট ধারণ করিয়া বায়ুরুদ্ধ করতঃ "ওঁ গাং" মূলমন্ত্র ৬৪ বার জপ করিতে করিতে কুম্ভক করিবেন। অতঃপর অঙ্গুষ্ঠ দক্ষিণনাসা হইতে তুলিয়া "ওঁ গাং" মূলমন্ত্র ৩২ বার জপ করিতে করিতে দক্ষিণনাসাপুটদ্বারা ক্রমে ক্রমে বায়ুত্যাগ অর্থাৎ রেচক করিবেন। বামহস্তের কররেখায় জপের সংখ্যা রাখিবেন। এইভাবে পুনরায় বিপরীত ক্রমে দক্ষিণনাসায় "ওঁ গাং" মূলমন্ত্র ১৬ বার জপ করিতে করিতে বায়ুপূরণ। উভয় নাসা রুদ্ধ করিয়া ৬৪ বার "ওঁ গাং" মূলমন্ত্র জপ করিতে করিতে বায়ুরোধ অর্থাৎ কুম্ভক ও বামনাসা ছাড়িয়া "ওঁ গাং" ৩২ বার জপ করিতে করিতে বাম নাসায় শ্বাস ত্যাগ করিবেন। পুনরায় বামনাসায় শ্বাস গ্রহণ করিতে করিতে ১৬ বার "ওঁ গাং" মূলমন্ত্র জপ, উভয় নাসা রুদ্ধ করিয়া ৬৪ বার "ওঁ গাং" মূলমন্ত্র জপ করিতে করিতে শ্বাস রোধ এবং ৩২ বার মূলমন্ত্র "ওঁ গাং" জপ করিতে করিতে শ্বাসত্যাগ করিবেন। এইরূপ তিনবার করিলে একবার প্রাণায়াম হয়। উপরোক্ত সংখ্যায় জপ করিতে অসমর্থ হইলে ৮।৩২।১৬ বার জপ করিবেন।

তাহাতেও অশক্ত হইলে ৪।১৬।৮ বার জপ করিলেও সিদ্ধ হয়। অতঃপর ন্যাসাদি করিবেন।

মাতৃকান্যাস—"অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্ম ঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকাসরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে বিনিয়োগঃ।" এইরূপে ঋষ্যাদি স্মরণপূর্বক অঙ্গুষ্ঠ ও অনামিকাযোগে ন্যাস করিবেন। যথা—"শিরসি ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে ওঁ হলেভ্য বীজেভ্যো নমঃ। পাদয়োঃ ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ। সর্বাঙ্গে ওঁ অব্যক্তায় কীলকায় নমঃ।"

করন্যাস—আদিতে "ওঁ" এবং অন্তে "নমঃ" যোগে ন্যাস করিবেন। যথা—"ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জনীভ্যাং স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।"

অঙ্গন্যাস—"ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।"

অন্তর্মাতৃকান্যাস—আদিতে 'ওঁ' এবং অন্তে 'নমঃ' যোগে ন্যাস করিবেন। যথা —ওঁ অং নমঃ। আং নমঃ, ইং নমঃ, ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ,ৠ নমঃ, ৯ং নমঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওং নমঃ, অং নমঃ, অঃ নমঃ (ইতি কণ্ঠে)। কং নমঃ, খং নমঃ,গং নমঃ,ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ (ইতি হৃদয়ে)। ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ (ইতি নাভৌ)। বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ (ইতি লিঙ্গমূলে)। বং নমঃ শং নমঃ, ষং নমঃ, সং নমঃ (ইতি মূলাধারে)। হং নমঃ, ক্ষং নমঃ (ইতি ভ্রূবোর্মধ্যে)।"

বাহ্যমাতৃকান্যাস—ধ্যান ঃ "ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদোঃ পন্মধ্যবক্ষঃ স্থলাং, ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্র শকলামাপীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলপং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-বিভ্রাণাং, বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে।।"এইরূপে ধ্যানান্তে ন্যাস করিবেন।

"ওঁ অং নমঃ ললাটে, ওঁ আং নমঃ মুখবৃত্তে।" এইক্রমে—"অং ঈং চক্ষুযোঃ, উং ঊং কর্ণয়োঃ, ঋং ৠং নমঃ নাসাঃ, ৯ং ৡং নমঃ গণ্ডয়োঃ, এং নমঃ ওষ্ঠে, ঐং নমঃ অধরে, ওং নমঃ উর্দ্ধদন্তপংক্তৌ, ঔং নমঃ অধোদন্তপংক্তৌ, অং নমঃ ব্রহ্মরন্ধ্রে, অঃ নমঃ মুখে। কং নমঃ দক্ষিণ বাহুমূলে, খং নমঃ কূর্পরে, গং নমঃ মণিবন্ধে, ঘং নমঃ অঙ্গুলিমূলে, ঙং নমঃ অঙ্গুল্যগ্রে, চং নমঃ বামবাহুমূলে, ছং নমঃ কূর্পরে, জং নমঃ মণিবন্ধে, ঝং নমঃ অঙ্গুলিমূলে, ঞং নমঃ

অঙ্গুল্যগ্রে, টং নমঃ দক্ষিণ পাদমূলে, ঠং নমঃ জানুনি,ডং নমঃ গুল্‌ফে, ঢং নম অঙ্গুলিমুলে, ণং নমঃ অঙ্গুল্যগ্রে, তং নমঃ বামপাদমূলে, থং নমঃ জানুনি,দং নমঃ গুল্‌ফে, ধং নমঃ অঙ্গুলিমূলে, নং নমঃ অঙ্গুল্যগ্রে, পং নমঃ দক্ষিণপার্শ্বে, ফং নমঃ বামপার্শ্বে, বং নমঃ পৃষ্ঠে, ভং নমঃ নাভৌ, মং নমঃ উদরে, যং নমঃ হৃদি, রং নমঃ দক্ষিণস্কন্ধে,লং নমঃ ককুদি, বং নমঃ বামস্কন্ধে, শং নমঃ হৃদয়াদি দক্ষিণ হস্তে, যং নমঃ হৃদয়াদি বাম হস্তে, সং নমঃ হৃদয়াদি দক্ষিণ পাদে, হং নমঃ হৃদয়াদি বামপাদে, লং নমঃ হৃদয়াদ্যুদরে, ক্ষং নমঃ হৃদয়াদি মুখে।।" সর্বত্রই আদি "ওঁ" এবং অন্তে "নমঃ" যোগে ন্যাস করিবেন। অতঃপর পীঠন্যাস করিবেন।

পীঠন্যাস—হৃদয়ে—"ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ। দক্ষিণ বাহুমূলে—ওঁ ধর্মায় নমঃ। বামবাহুমুলে—ওঁ জ্ঞানায় নমঃ। বাম উরুমূলে—ওঁ বৈরাগ্যায় নমঃ। দক্ষিণ উরুমূলে—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। মুখে—ওঁ অধর্মায় নমঃ। বামপার্শ্বে—ওঁ অজ্ঞানায় নমঃ। নাভিতে—ওঁ অবৈরাগ্যায় নমঃ। দক্ষিণপার্শ্বে—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। পুনর্হৃদয়ে—ওঁ শেষায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ। ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। ওঁ সং সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ওঁ তং তমসে নমঃ,

ওঁ আং আত্মনে নমঃ, ওঁ অং অন্তরাত্মনে নমঃ, ওঁ পং পরমাত্মনে নমঃ, ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। ওঁ পীঠশক্তিভ্যো নমঃ। ওঁ পীঠমনবে নমঃ ।।" অতঃপর ঋষ্যাদিন্যাস করিবেন।

ঋষ্যাদিন্যাস—মস্তকে—গণকষ ঋষয়ে নমঃ। মুখে—নিচৃদ্‌গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদয়ে—ওঁ গণেশ দেবতায়ৈ নমঃ। গুহ্যদেশে—গাং বীজায় নমঃ। পদদ্বয়ে—গণপতি শক্তয়ে নমঃ। সর্বাঙ্গে—অব্যক্তায় কীলকায় নমঃ।" অতঃপর মূলমন্ত্রে অঙ্গন্যাস করিবেন।

[মূলমন্ত্রে] অঙ্গন্যাস—"ওঁ গাং হৃদয়ায় নমঃ। ওঁ গীং শিরসে স্বাহা। ওঁ গূং শিখায়ৈ বষট্‌। ওঁ গৈং কবচায় হুং। ওঁ গৌং নেত্রায় বৌষট্‌। গঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্‌ ।।"

[মূলমন্ত্রে] করন্যাস—"ওঁ গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ গীং তর্জনীভ্যাং স্বাহা। ওঁ গূং মধ্যমাভ্যাং বষট্‌। ওঁ গৈং অনামিকাভ্যং হুং। ওঁ গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্‌। ওঁ গঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্‌।" অতঃপর ব্যাপকন্যাস করিবেন।

ব্যাপকন্যাস—"ওঁ গং" এই মূলমন্ত্র উচ্চরণ করিতে করিতে উভয় করতল প্রসারিত করিয়া নিজমস্তক হইতে পাদদেশ এবং পাদদেশ হইতে মস্তক পর্য্যন্ত স্পর্শ করিবেন। অনন্তর ধ্যান করিবেন।

ধ্যান—কূর্মমুদ্রায় পুষ্পগ্রহণ করিয়া ধ্যান করিবেন। যথা—

"ওঁ খর্বং স্থূলতনং গজেন্দ্র বদনং লম্বোদর সুন্দরম্‌,
প্রস্যন্দন্মদগন্ধ লুব্ধ মধুপব্যালোল গণ্ডস্থলম্‌।

কূর্মমুদ্রা

দন্তাঘাত বিদারিতারি রুধিরৈ সিন্দুর শোভাকরং
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কাসদম্ ।।"

এইরূপে ধ্যানান্তে পুষ্পটি নিজ মস্তকে দিয়া মানসোপচারে পূজা করিবেন।

মানসোপচার পূজা—হৃদয়ে প্রার্থনামুদ্রা স্থাপনপূর্বক বাহ্যপূজার উপচার উপকরণাদি এবং উল্লিখিত ক্রমদ্বারা মানসপূজা করিতে হয়। বাক্য, মন ও হৃদয়দ্বারা মানস পূজা করিবেন। অতঃপর বিশেষার্ঘ্য স্থাপন করিবেন।

বিশেষার্ঘ্য স্থাপন—নিজের বামদিকে জলদ্বারা একটি চতুষ্কোণ মণ্ডল তন্মধ্যে একটি বৃত্ত ও তন্মধ্যে একটি নিম্নমুখ ত্রিকোণ মণ্ডল অঙ্কন করিয়া পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কূর্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ।" অতঃপর তদুপরি ত্রিপদিকা স্থাপনপূর্বক 'ফট্' মন্ত্রে শঙ্খপাত্র ধৌত করিয়া ত্রিপদিকার উপরে স্থাপন করিয়া বিলোম মাতৃকা পাঠ করিতে করিতে শঙ্খে জল দিবেন। যথা—"ওঁ ক্ষং লং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৯ং ৠং ঋং ঋং ঊং উং ঈং ইং আং অং।" অতঃপর "ওঁ গাং" মুলমন্ত্রে ৩ বার জল দিবেন। "নমঃ" মন্ত্রে শঙ্খের অগ্রভাগে অর্ঘ্য সাজাইয়া

অবগুণ্ঠনমুদ্রা

দিবেন। অতঃপর পূজা করিবেন। যথা—(ত্রিপাদিকায়) "এতে গন্ধপুষ্পে ওঁ বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।" (শঙ্খে) "এতে গন্ধপুষ্পে ওঁ অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ।" (জলে) "এতে গন্ধপুষ্পে ওঁ সোমমণ্ডলায় যোড়শকলাত্মনে নমঃ।" মন্ত্রে পূজাপূর্বক কুশত্রিপত্রদ্বারা শঙ্খের জল স্পর্শপূর্বক তীর্থাবাহন করিবেন। যথা—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।"

অতঃপর মৎস্যমুদ্রায় আচ্ছাদনপূর্বক "ওঁ গাং" মূলমন্ত্র তদুপরি আটবার জপ করিবেন। অতঃপর পুনরায় মূলমন্ত্রে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া, দেবতাকে সেই জলে আবাহন করিবেন। যথা—"ওঁ ভূর্ভুবঃ স্বর্গণপতি ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্বস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" অতঃপর তাহার উপর অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন করাইয়া, সেই জল সামান্যার্ঘ্যের জলে কিঞ্চিৎ দিয়া, সেই জলদ্বারা নিজেকে ও

আবাহনীমুদ্রা

স্থাপনীমুদ্রা

সন্নিধাপনীমুদ্রা

সন্নিরোধিনীমুদ্রা

সম্মুখীকরণমুদ্রা

পূজোপকরণ সমস্ত অভ্যুক্ষণ করিবেন। অতঃপর পীঠন্যাসোক্ত ক্রমে পীঠদেবতার আবাহনপূর্বক পীঠদেবতার পূজা করিবেন। প্রথমে গন্ধপুষ্পদ্বারা পঞ্চগুড়িদ্বারা অঙ্কিত অষ্টদল পদ্মে পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ মণ্ডলায় নমঃ।" অতঃপর পীঠদেবতার আবাহন্যাদি পঞ্চমুদ্রাদ্বারা আবাহন করিবেন।

পীঠদেবতার আবাহন—"ওঁ পীঠদেবতাঃ ইহাগচ্ছত, ইহাগচ্ছত, ইহতিষ্ঠত, ইহতিষ্ঠত, ইহসন্নিধ্বত্ত, ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্নীত।।" এইরূপে আবাহনপূর্বক —"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।" এই ক্রমে—"ওঁ কূর্মায় নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ। ওঁ শ্বেতদ্বীপায় নমঃ। ওঁ মণিমণ্ডপায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ। ওঁ রত্নসিংহাসনায় নমঃ। ওঁ ধর্মায় নমঃ। ওঁ জ্ঞানায় নমঃ। ওঁ বৈরাগ্যায় নমঃ। ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। ওঁ অধর্মায় নমঃ। ওঁ অজ্ঞানায় নমঃ। ওঁ অবৈরাগ্যায় নমঃ। ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। ওঁ শেষায় নমঃ। ওঁ পদ্মায় নমঃ। ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় যোড়শকলাত্মনে নমঃ। ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। ওঁ সং সত্বায় নমঃ। ওঁ রং রজসে নমঃ। ওঁ তং তমসে নমঃ। ওঁ আং আত্মনে নমঃ। ওঁ অং অন্তরাত্মনে নমঃ। ওঁ পং পরমাত্মনে নমঃ। ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। ওঁ পীঠশক্তিভ্যো নমঃ। ওঁ পীঠমনবে নমঃ।" ইহার পর বেদী ও বিতান শোধনপূর্বক ঘটস্থাপন করিবেন।

বেদী শোধন—"ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষি বর্হিরিন্দ্রিয়ম্। যূপেন যূপ আপ্যায়তাং প্রণীতোঽগ্নিরগ্নিনা ।।"

বিতান শোধন—"ওঁ উর্দ্ধ উষুণ উতয়ে, তিষ্ঠা দেবো না সবিতা। উর্দ্ধে বাজস্য সবিতা যথাঞ্জিভির্বাবম্ভিহ্বরা মহে ।।" মন্ত্র পাঠ পূর্বক শোধিত পঞ্চগব্যদ্বারা বেদী ও বিতান শোধন করিয়া ঘটস্থাপন করিবেন।

ঘটস্থাপন (সাম)—পূর্ব সজ্জিত ঘটে ভূমি স্পর্শ করিয়া ঘটস্থাপন করিবেন। "ওঁ ভূমিরন্তরীক্ষং দৌর্দ্ধা ভূতায়াঃ।"

ধান্য—"ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্ত মুক্থিনম্। ইন্দ্র প্রাতর্জুযস্ব নঃ ।।"

ঘট—"ওঁ আবিশন্ কলশং সুতো বিশ্ব অর্ষন্নভি শ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে ।।"

জল—"ওঁ আ নো মিত্রাবরুণা ঘৃতৈর্গব্যুতি মুক্ষতং। মধ্বা রজাংসি শুক্রত ।।"

পল্লব—"ওঁ অয়মুর্জাবতো বৃক্ষ উর্জীবফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্ব নুত্বা চ সূয়তাং রয়িঃ ।।"

ফল (ডাব)—"ওঁ ইন্দ্রো নরো নেমধিতা হবন্তে ষৎ যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শ্রবসশ্চ কাম আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ ।।"

পুষ্প—"ওঁ পবমান ব্যশ্নুহি রশ্মিভির্বাজসামতঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্ ।।"

সিন্দুর—"ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং। হিরণ্যপাবাঃ পশুমপ্সুগৃভ্নতে ।।"

স্থিরীকরণ (ঘটে হস্ত দিয়া)—"ওঁ ত্বাবতঃ পুরূবসো বয়মিন্দ্র প্রণেতঃ। স্মসি স্থাতর্হরীণাং।।"

করযোড়ে—"ওঁ সর্বতীর্থোদ্ভবং বারি সর্বদেব সমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবগণৈঃ সহ।।" অতঃপর গণেশের গায়ত্রী পাঠ করিবেন । যথা—"ওঁ তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দন্তী প্রচোদয়াৎ।।"

ঘটস্থাপন (যজুঃ)—ভূমি স্পর্শ করিয়া—"ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি, বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ, পৃথিবীং, দৃগুঁহ, পৃথিবীং মা হিগুঁসীঃ।।"

ধান্য—"ওঁ ধ্যান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞং। ধিনুহি যজ্ঞপতিং ধিনুহিমাং যজ্ঞন্যম্।।"

ঘট—"ওঁ আজিঘ্র কলশং মহ্যা ত্বা বিশন্ত্বিন্দব। পুনরুর্জা নিবর্তস্ব, সা নঃ সহস্রং ধুক্ষ্বোরুধারা পয়স্বতী, পুনর্মা বিশতাদ্রয়িঃ।।"

জল—"ওঁ বরুণস্যোত্তম্ভনমসি, বরুণস্য স্কম্ভসর্জনী স্থো বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমাসীদ।।"

পল্লব—"ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েমা ধনুঃ শত্রোরপকামং কৃণোতিধন্বনা সর্বাঃ প্রদিশো জয়েম।।"

ফল—"ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিনীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বং হসঃ।।"

সিন্দূর—"ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাতপ্রমিয়ঃ পাতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্মিভিঃ পিন্বমানঃ।।"

দূর্বা—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষং পরুষঃ পরি। এবা নো দূর্বে প্রতনু সহস্রেণ শতেন চ।।"

পুষ্প—"ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যাঃ অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামম্ম ইষাণ, সর্ব লোকং মইষাণ।।"

বস্ত্র—"ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধারাস কবয় উন্নয়ন্তি সাধ্যো মনসা দেবয়ন্তঃ।।"

স্থিরীকরণ—"ওঁ স্থাং স্থীং স্থিরো ভব বীড়ঙ্গ আশুর্ভব বাজ্যর্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ।।"

করযোড়ে—"ওঁ সর্বতীর্থোদ্ভবং বারি সর্বদেব সমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবগণৈঃ সহ।।" অতঃপর গণেশের গায়ত্রী পাঠ করিবেন। যথা—"ওঁ তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দন্তী প্রচোদয়াৎ।।"

ঘটস্থাপন (ঋগ্বেদীয়)—ভূমি স্পর্শ করিয়া—"ওঁ উর্ব্বী সদ্মনী বৃহতী ঋতেন হুবে দেবানামবসা জনিত্রী। দধাতে যে অমৃতং সুপ্রতীকে দ্যাবা রক্ষতং পৃথিবী না অহ্বাৎ।।"

ধান্য—"ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্ত মুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।।"

ঘট—"ওঁ এতানি ভদ্রা কলশং ক্রিয়াম্ করু শ্রবণ দদতো মঘানি। দান ইদ্বো মঘবানং সো অস্ত্বয়ং চ সোমো হৃদি যং বিভর্মি।।"

জল—"ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ।।"

পল্লব—"ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েন। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি ধন্বনা সর্বাঃ প্রদিশো জয়েম।।"

ফল—"ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিনীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বং হসঃ।।"

সিন্দূর—"ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্মিভি পিন্বমানঃ।।"

দূর্বা—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি। এবা নো দূর্বে প্রতনু সহস্রেণ শতেন চ।।"

পুষ্প—"ওঁ পবসান ব্যশ্নুহি রশ্মিভির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্।।"

বস্ত্র—"ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয়

উন্নয়ন্তি সাধ্যো মনসা দেবয়ন্তঃ ।।”

স্থিরীকরণ—“ওঁ স্থিরো ভব বীড়ঙ্গ আশুর্ভব বাজ্যর্বন্। পৃথুর্ভব সুযদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ ।।”

করযোড়ে পাঠ্য—“ওঁ সর্বতীর্থোদ্ভবং বারি সর্বদেব সমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবগণৈঃ সহ ।।” অতঃপর গণেশের গায়ত্রী পাঠ করিবেন। যথা—“ওঁ তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দন্তী প্রচোদয়াৎ ।।”

অতঃপর কাণ্ডরোপণ ও সূত্রবেষ্টন করিবেন।

কাণ্ডরোপণ—“ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি। এবা নো দূর্বে প্রতনু সহস্রেণ শতেন চ ।।”

সূত্রবেষ্টন—“ওঁ সূত্রামানং পৃথিবীং দ্যামনেহসং সুশর্মানমদিতিকং সুপ্রণীতিম্। দেবীং নষং স্বরিত্রামনাগমস্রবন্তি মা রুহে মা স্বস্তয়ে ।।”

অতঃপর গণেশাদি পঞ্চদেবতার পঞ্চোপচারে পূজা করিবেন।

পঞ্চদেবতার পূজা—(১) গণেশের পূজা—গণেশের ধ্যানান্তে—“এষ গন্ধঃ ওঁ গাং গণেশায় নমঃ। এতৎ পুষ্পং ওঁ গাং গণেশায় নমঃ। এষ ধূপঃ ওঁ গাং গণেশায় নমঃ। এষ দীপঃ ওঁ গাং গণেশায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ গাং গণেশায় নমঃ। ইদমাচমনীয় ওঁ গাং গণেশায় নমঃ।” এইরূপে পূজাপূর্বক প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র— "ওঁ দেবেন্দ্র মৌলিমন্দার মকরন্দ কণারুণা।
বিঘ্নং হরন্তু হেরম্ব চরণাম্বুজ রেণবঃ।।
ওঁ একদন্তং মহাকায় লম্বোদর গজাননম্।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণম্যাম্যহম্।।"

(২) সূর্য্যের পূজা (ধ্যান)—

"ওঁ রক্তাম্বুজাসনমশেষ গুণৈকসিন্ধুং, ভানুং সমস্ত জগতামধিপং ভজামি।
পদ্মদ্বয় ভয়বরান্ দধতাং করাব্জৈ, র্মাণিক্য মৌলিকরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্।।"

"এষ গন্ধঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এষ ধূপঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এষ দীপঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।"

প্রণাম মন্ত্র— "ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্।।"

(৩) বিষ্ণুর পূজা (ধ্যান)—

"ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্তী নারায়ণ সরসিজাসন সন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কণককুণ্ডলবান্ কিরীটিহারী, হিরণ্ময়বপুর্ধৃত শঙ্খ-চক্রঃ।।"

"এষ গন্ধঃ ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ। এতৎ সচন্দন

তুলসীপত্রম্ ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। এষ ধূপঃ ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ। এষ দীপঃ ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ।”

প্রণাম মন্ত্র—

“ওঁ নমো ব্রাহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ।।
ওঁ নমঃ কমলনেত্রায় হরয়ে পরমাত্মনে। প্রণতঃ ক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ ।।”

(৪) শিবের পূজা (ধ্যান)—

“ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গ পরশুমৃগবরাভীতি হস্তং প্রসন্নং।
পদ্মাসীনং সমন্তাং স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং,
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল ভয়হরং পঞ্চবক্ত্র ত্রিনেত্রম্।।”

“এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায় নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ পুষ্পম্ ওঁ নমঃ শিবায়। এতৎ সচন্দন বিল্বপত্রম্ ওঁ নমঃ শিবায়। এষ ধূপঃ ওঁ নমঃ শিবায়। এষ দীপঃ ওঁ নমঃ শিবায়। এতন্নৈবেদ্যম ও নমঃ শিবায়।”

প্রণাম মন্ত্র—“ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর ।।”

(৫) জয়দুর্গার পূজা (ধ্যান)—

"ওঁ কালাভ্রাভাং কাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাম্
শঙ্খং চক্রং কৃপাণায় ত্রিশিখমপি করৈ রুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহাস্কধাধিরূঢাং ত্রিভুবনমখিলং তেজসাপূরয়ন্তীং,
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ ॥"

"এষ গন্ধঃ ওঁ জয়দুর্গায়ৈ নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ জয়দুর্গায়ৈ নমঃ। এষ ধূপঃ ওঁ জয়দুর্গায়ৈ নমঃ। এষ দীপঃ ওঁ জয়দুর্গায়ৈ নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ জয়দুর্গায়ৈ নমঃ।"

প্রণাম মন্ত্র—"ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে॥" ইহার পর আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিকপাল, মৎস্যাদি দশাবতার প্রভৃতির গন্ধপুষ্পদ্বারা পূজা করিবেন।

আদিত্যাদি নবগ্রহের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ রবি গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ চন্দ্রায় গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ মঙ্গলায় গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বুধায় গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বৃহস্পতয়ে গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ শুক্রায় গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ শনৈশ্চরায় গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রাহবে গ্রহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ কেতুভ্যঃ গ্রহ্যেভ্যো নমঃ।"

ইন্দ্রাদি দশদিকপালের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রায় নমঃ। ১। এতে গন্ধপুষ্পে ওং অগ্নয়ে নমঃ।২। এতে গন্ধপুষ্পে ওঁ যমায় নমঃ।৩। এতে গন্ধপুষ্পে ওঁ নৈঋতায় নমঃ।৪। এতে গন্ধপুষ্পে ওঁ বরুণায় নমঃ।৫। এতে গন্ধপুষ্পে ওঁ বায়বে নমঃ।৬। এতে গন্ধপুষ্পে ওঁ কুবেরায় নমঃ।৭। এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ।৮। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।৯। এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ।১০।"

মৎস্যাদি দশাবতারের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ মীনাবতারায় নমঃ।১। এতে গন্ধপুষ্পে ওঁ কূর্মাবতারায় নমঃ।২। এতে গন্ধপুষ্পে ওঁ বরাহাবতারায় নমঃ।৩। এতে গন্ধপষ্পে ওঁ নৃসিংহাবতারায় নমঃ।৪। এতে গন্ধপুষ্পে ওঁ বামনাবতারায় নমঃ।৫। এতে গন্ধপুষ্পে ওঁ পরশুরামাবতারায় নমঃ।৬। এতে গন্ধপুষ্পে ওঁ রামাবতারায় নমঃ। ।৭। এতে গন্ধপুষ্পে বলরামাবতারায় নমঃ।৮। এতে গন্ধপুষ্পে ওঁ বুদ্ধাবতায় নমঃ।৯। এতে গন্ধপুষ্পে ওঁ কল্কি অবতারায় নমঃ।১০।"

"এতে গন্ধপুষ্পে কুলদেবতাভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ইষ্টদেবতায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সর্বেভ্যো দেবেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সর্বাভ্যো দেবীভ্যো নমঃ।" এইক্রমে পূজা সমাপ্ত করিয়া চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবেন।

চক্ষুর্দ্দান—বিল্বপত্রে ঘৃতদ্বারা কজ্বল প্রস্তুত করিয়া কুশত্রিপত্র দ্বারা কজ্বল গ্রহণ

করিয়া—"ওঁ তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দন্তী প্রচোদয়াৎ।" এই মন্ত্রে গণেশের অগ্রে দক্ষিণ চক্ষুতে, পরে উক্ত মন্ত্র পাঠপূর্বক বামচক্ষুতে কজ্বল দিবেন। তৎপরে বৈদিক গায়ত্রী পাঠান্তে অগ্রে মুশিযকের দক্ষিণ চক্ষুতে, পরে বাম চক্ষুতে কজ্বল দিবেন। অতঃপর প্রাণপ্রতিষ্ঠা করিবেন।

প্রাণপ্রতিষ্ঠা—প্রথমে "ওঁ গাং" বীজমন্ত্র ১০৮ বার জপ করিবেন। অতঃপর পুষ্প, আতপ তণ্ডুল ও কুশত্রিপত্র লইয়া প্রতিমার হৃদয়ে ধারণপূর্বক প্রাণপ্রতিষ্ঠা-মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীশ্রী গণপতে প্রাণঃ ইহপ্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌ হংসঃ শ্রীশ্রীগণপতে জীব ইহস্থিত। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীশ্রীগণপতে সর্বেন্দ্রিয়ানি ইহাস্থিতানি। ওঁ মনোজুতির্জুষতামাজ্যসা বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিনং দধাতু, বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তা মোঁ প্রতিষ্ঠ। ওঁ অস্মৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্মৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্মৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা।।"

অতঃপর মুষিকেরও প্রাণপ্রতিষ্ঠা কর্তবা। মন্ত্র, যথা—"ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ মূষিকস্য প্রাণা ইহপ্রাণা। ওঁ আং হ্রীং ইত্যাদি মূষিকজীব ইহস্থিত। ওঁ আং হ্রীং ইত্যাদি মুষিকস্য সর্বেন্দ্রিয়ানি ইহ স্থিতানি। ওঁ আং হ্রীং ইত্যাদি বাক্‌মনশ্চক্ষু শোত্র

ঘ্রাণ প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।।”

বিঃ দ্রঃ—বড় প্রতিমা হইলে চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা অবশ্য কর্তব্য। তাহা না হইলে ঘটেই পূজা হইবে।

প্রধান পূজা—গণেশের ধ্যানপূর্বক পুষ্পটি ঘটে দিয়া, প্রত্যেকটি উপচার অর্চনাপূর্বক দিবেন। যথা—১। আসন—“বং এতস্মৈ রজতাসনায় নমঃ।” মন্ত্র তিনবার পাঠপূর্বক তিনবার কুশোদক দিয়া—“এতে গন্ধপুষ্পে এতস্মৈ রজতাসনায় নমঃ।” পুনরায় পুষ্প লইয়া—“এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণুবে নমঃ।” মন্ত্রে গন্ধপুষ্পদিয়া, “এতৎ সম্প্রদানায় ওঁ গাং গণেশায় নমঃ।” মন্ত্রে কুশোদক দিয়া উৎসর্গ বাক্য পাঠ করিবেন। যথা—

১। আসন— “ওঁ চরাচর মিদংবিশ্বঃ যত্র পূর্বং প্রতিষ্ঠিতম্।
তদন্তঃ স্থ স্ত্বমেবেশ আসনং কল্পয়াম্যহম্।।

২। স্বাগত— “ওঁ যস্য দর্শন মিচ্ছিন্তি দেবা স্বভীষ্ট সিদ্ধয়ে।
তস্মৈতে পরমেশায় স্বাগতং স্বাগতঞ্চমে।।
ওঁ কৃতার্থোঽনুগৃহীতোঽস্মি সফলং জীবিতং মম।
আগতো দেব দেবেশ সুস্বাদগত মিদং বপুঃ।।
ওঁ ভূর্ভুবঃ স্বর্গণপতি স্বাগতং সুস্বাগতং কুশলং তে।

৩। পাদ্য— "বং এতস্মৈ পাদ্যোদকায় নমঃ।"
ইত্যাদি মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—
"ওঁ যস্য পাদাম্বুজে দিব্যে নির্মলে ব্রহ্মরূপিণী।
পুনাতি তদ্ভবা গঙ্গা জগৎ পাদ্যং দদাম্যহং।।
এতৎ পাদ্যং গাং ওঁ গণপতয়ে নমঃ।' *(২ বার জল দিবেন)।*

৪। অর্ঘ্য— "বং এতস্মৈ অর্ঘ্যায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্বৎ অর্চনা করিয়া—
"ওঁ ব্রহ্মাদয়ঃ পাদপদ্মং চিন্তয়ন্তি দিনে দিনে।
অনর্ঘ্যায় জগদ্ধাত্রে অর্ঘ্যমেতদ্দদাম্যহম্।।
ইদমর্ঘ্যং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

৫। আচমনীয়— "বং এতস্মৈ আচমনীয়োদকায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্বৎ অর্চনাপূর্বক—
"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্বপাপ হরাশুভম্।
গৃহানামচনীয়ং ত্বং ময়া ভক্ত্যানিবেদিতম্।।
ইদং আচমনীয় জলং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

৬। মধুপর্ক— "বং এতস্মৈ মধুপর্কায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনাপূর্বক—
"ওঁ সর্বকল্মষহীনায় পরিপূর্ণ সুখাত্মনে।
মধুপর্কমিমং দেবকল্পয়ামি প্রসীদ মে ।।
এষ মধুপর্কঃ ওঁ গাং গণপতয়ে নমঃ।"

৭। পুনরাচমনীয়—"বং এতস্মৈ পুনরাচমনীয়োদকায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ উচ্ছিষ্ঠোঽপ্য শুচির্বাপি যস্য স্মরণ মাত্রতঃ।
শুদ্ধিমাপ্নোতি তস্মৈতে পুনরাচমনীয়কম্ ।।
ইদং পুনরাচমনীয় জলং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

৮। স্নানীয়— "বং এতস্মৈ স্নানীয় জলায় নমঃ।"
মন্ত্র পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছমিদং শুদ্ধং মনোহরম্।
স্নানার্থন্তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্ ।।
ইদং স্নানীয় জলং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

৯। বস্ত্র— "বং এতস্মৈ বস্ত্রায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ বহুতন্তু সমাযুক্তং পট্টসূত্রাদি নির্মিতম্।
বাসোদেব সশুক্লঞ্চ গৃহাণ জগদীশ্বর।
ইদং বস্ত্রং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১০। আভরণ— "বং এতস্মৈ আভরণায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ স্বভাব সুন্দরাঙ্গায় নানা শক্ত্যাশ্রয়ায়তে।
ভূষণানি বিচিত্রাণি কল্পয়ামমরার্চিতং।।
ইদং রজতাভরণং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১১। গন্ধ— "বং এতস্মৈ গন্ধায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ যদঙ্গস্পৃর্শমরুতঃ গন্ধানুলেপনম্।।
এষ গন্ধঃ ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১২। পুষ্প— "বং এতস্মৈ পুষ্পায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—

"ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্মিতম।
ময়ানিবেদিতো ভক্ত্যা গৃহাণ জগদীশ্বর।।
এতানি সচন্দন পুষ্পানি ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১৩। পুষ্পমাল্য—"বং এতস্মৈ পুষ্পমাল্যায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পোপশোভিতং।
শ্রীযুক্ত লম্বমানঞ্চ গৃহাণ জগদীশ্বর।।
এতৎ পুষ্পমাল্যং ওঁ গাং গণপতয়ে নমঃ।"
ইদং লড্ডুকং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১৪। ধূপ— "বং এতস্মৈ ধূপায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনান্তে—
"ওঁ বনস্পতি রসোদিব্য গন্ধাঢ্য সুরভোজন।
ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোহয়ং প্রতিগৃহ্যতাম্।।
এষ ধূপঃ ওঁ গাং গণপাতয়ে নমঃ।"

১৫। দীপ— "বং এতস্মৈ দীপায় নমঃ।"
মন্ত্রে পূর্ববৎ অর্চনা করিয়া—

"ওঁ সুপ্রকাশোমহাদীপঃ সর্বতস্তিমিরাপহ।
সবাহ্যাভ্যন্তরোজ্যোতি দীপোহয়ং প্রতিগৃহ্যতাম্।।
এষ দীপঃ ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১৬। নৈবেদ্য— "বং এতস্মৈ নৈবেদ্যায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—
"ওঁ সৎপাত্র সিদ্ধ-সুহবির্বিবিধানেক ভক্ষণম্।
নিবেদয়ামি দেবেশ সর্বতৃপ্তিকরং পরম্।।
ইদং সঘৃতোপকরণ নৈবেদ্যং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১৭। লড্ডুক— "বং এতস্মৈ লড্ডুকায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—
ওঁ লড্ডুকং ষড়্‌রসৈযুক্তং দুগ্ধখণ্ডাদি নির্মিতম্।
সুমিষ্টং মধুরং দেব গৃহ্যতাং জগদীশ্বর।।
ইদং লড্ডুকং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১৮। পানার্থ জল—"বং এতস্মৈ পানার্থোদকায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—

"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং সুগন্ধি পরিপূরিতম্।
মযা নিবেদিতং ভক্ত্যা পানার্থং প্রতিগৃহ্যতাম্।।
ইদং পানার্থোদকম্ ওঁ গাং গণপতয়ে নমঃ।"

১৯। পুনরাচমনীয়—"বং এতস্মৈ পুনরাচমনীয় জলায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—
"ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্বাপি যস্য স্মরণ মাত্রতঃ।
শুদ্ধিমাপ্নোতি তস্মৈতে পুনরাচমনীয়কম্।।
ইদং পুনরাচমনীয় জলং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

২০। তাম্বুল— "বং এতস্মৈ সোপকরণ তাম্বুলায় নমঃ।"
মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—
"ওঁ তাপত্রয়হরং দিব্যং কর্পূরাদি সুবাসিতম্।
মযা নিবেদিতং দেব তাম্বুলং মিদমুত্তমম্।।
ইদং সোপকরণ তাম্বুলং ওঁ গাং গণপতয়ে নমঃ।"

২১। রচনা— "বং এতস্মৈ রচনায়ৈ নমঃ।"
মন্ত্রে পূর্ব্ববৎ অর্চনান্তে—

"ওঁ নানাফল সমাযুক্তাং নানাবর্ণ প্রপরিতাম।
রচানাংতে প্রযচ্ছামি গৃহাণ জগদীশ্বর ।।
এষা রচনাঃ ওঁ গাং গণপতয়ে নমঃ।"

এইরূপে ষোড়শোপচারে পূজা সমাপ্ত করিয়া, প্রণাম করিবেন। প্রণামান্তে পুষ্টির পুজা করিবেন।

প্রণাম মন্ত্র— "ওঁ দেবেন্দ্র মৌলিমন্দার মকরন্দ কণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্ব চরণম্বুজরেণবঃ ।।

পুষ্টির পূজা—"এতৎ পাদ্যং ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদমর্ঘ্যম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদমাচমনীয়ম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং পুনরাচমনীয়ম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং স্নানীয়ং ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং বস্ত্রম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং গন্ধং ওঁ পুষ্ট্যৈ নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। এষ ধূপঃ ওঁ পুষ্ট্যৈ নমঃ। এষ দীপঃ ওঁ পুষ্ট্যৈ নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং পানার্থোদকম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং পুনরাচমনীয়ম্ ওঁ পুষ্ট্যৈ নমঃ। ইদং সোপকরণ তাম্বুলং ওঁ পুষ্ট্যৈ নমঃ।" মন্ত্রে পাদ্যাদি দ্বারা অথবা যথাশক্তি উপচারে পুষ্টির পূজাপূর্বক মুষিকের পঞ্চোপচারে পূজা করিবেন।

মূষিকের পূজা—"এষ গন্ধঃ ও মূষিকায় নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ মূষিকায় নমঃ। এষ ধূপঃ ওং মূষিকায় নমঃ। এষ দীপঃ ওঁ মূষিকায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ মূষিকায় নমঃ। ইদমাচমনীয়ম্ ওঁ মূষিকায় নমঃ।" মন্ত্রে পূজাপূর্বক প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র—"ওঁ বৃষাকার মহাভাগ বৃষরূপ মহাবল। কর্মরূপ বৃষ ত্বংহি গণেশস্য চ বাহনম্।।

ইহার পর দেবতার বীজমন্ত্র যথাশক্তি জপ করিবেন।

জপমন্ত্র—"ওঁ গাং গণপতয়ে নমঃ।" জপ শেষে সমর্পণ মন্ত্রে জপ সমর্পণ করিবেন।

জপসমর্পণ মন্ত্র—এক গণ্ডুষ জল গ্রহণ করিয়া—"ওঁ গুহ্যাতিগুহ্য গোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতজপম্। সিদ্ধির্ভবতুমে দেব তৎপ্রসাদাৎ সুরেশ্বর।।" মন্ত্র পাঠান্তে জলগণ্ডুষ গণেশের নিম্ন দক্ষিণ হস্তোদ্দেশে দিবেন।

অতঃপর পুষ্পাঞ্জলি দিবেন। যথা—"এষ সচন্দন পুষ্পাঞ্জলি ওঁ গাং গণপতয়ে নমঃ।"

পুষ্পাঞ্জলি প্রদানের পর বিষ্ণুর পূজা করিবেন।

বিষ্ণুর পূজা—ধ্যান ঃ "ওঁ উদ্যৎকোটি দিবাকরাভমনিশং শঙ্খং গদাং পঙ্কজং,
চক্রাং বিভ্রতমিন্দিরা বসুমতী সংশোভিত পার্শ্বদ্বয়ং।
কোটিরাঙ্গদহার কুণ্ডলধরং পীতাম্বরম,
কৌস্তুভদীপ্তং বিশ্বধরং,
স্ববক্ষসি লগচ্ছ্রীবৎস চিহ্নং ভজে।।"

এইরূপে ধ্যানান্তে—"এতৎ পাদ্যং ওঁ বিষ্ণবে নমঃ। ইদমর্ঘ্যং ওঁ বিষ্ণবে নমঃ। ইদং আচমনীয়ং ওঁ বিষ্ণবে নমঃ। এষ মধুপর্কঃ ওঁ বিষ্ণবে নমঃ। ইদং পুনরাচমনীয়ং ওঁ বিষ্ণবে নমঃ।

এষ গন্ধঃ ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সচন্দন পুষ্পম্ ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সচন্দন তুলসী পত্রম্ ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ পানার্থোদকম্ ওঁ বিষ্ণবে নমঃ।" এইরূপে পূজান্তে প্রণাম করিবেন।

প্রণাম— "নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ হিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।।"
অতঃপর লক্ষ্মীর পূজা করিবেন।

লক্ষ্মীর পূজা—ধ্যান ঃ "ওঁ পাশাক্ষমালিকাম্ভোজ সৃণিভির্যাম্য সৌম্যয়ো।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্য মাতরম্।।
গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্বালঙ্কার ভূষিতাম্।
রৌক্সপদ্ম ব্যগ্রকরাং বরাং দক্ষিণেন তু।।"

ধ্যানান্তে ষোড়শোপচারে বা দশোপচারে পূজা করিবেন। যথা—"এতৎ পাদ্যং ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। ইদমর্ঘ্যং ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। ইদমাচমনীয়ম্ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। ইদং পুনরাচমনীয়ং ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। ইদং স্নানীয়ং ওঁ শ্রীং লক্ষ্মৌ নমঃ। এষ গন্ধঃ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। এতং সচন্দন পুষ্পম্ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। এষ ধূপঃ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। এষ দীপঃ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ। এতৎ পানার্থোদকম্ ওঁ শ্রীং লক্ষ্মৈ্য নমঃ।" এখানে দশোপচারে পূজাবিধি দেওয়া হইল। এইরূপে পূজাপূর্বক প্রণাম করিবেন।

প্রণাম মন্ত্র— "ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে।।"

অতঃপর "এতে গন্ধপুষ্পে ওঁ কুবেরায় নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে কুবেরের পূজাপূর্বক প্রমাম করিবেন।

প্রণাম— "ওঁ ধনদায় নমস্তুভ্যং নিধিপদ্মধিপায় চ।
ভবন্তু তৎ প্রসাদান্মে ধন-ধান্যাদি সম্পদঃ।।"

অতঃপর স্তোত্রাদি পাঠ করিবেন।

শ্রীশ্রীগণেশ স্তোত্রম্

শ্রীবিষ্ণুরুবাচ— ঈশ ত্বাং স্তোতুমিচ্ছামি ব্রহ্মজ্যোতিঃ সনাতনম্।
নিরূপিতমশক্তোঽহংমনুরূপমনুহকম্।।
প্রবরং সর্বদেবানাং সিদ্ধানাং যোগিনাং গুরুম্।
সর্বস্বরূপং সর্বেশং জ্ঞানরাশিস্বরূপিণম্।।
অব্যক্তমক্ষরং নিত্যং সত্যমাত্মস্বরূপিণম্।
বায়ুতল্যাতিনির্লিপ্তিং চাক্ষতং সর্বসাক্ষিণম্।।

সংসারার্ণব পারে চ মায়াপোতে সুদুর্লভম্।
কর্ণধারস্বরূপঞ্চ ভক্তানুগ্রহকারকম্ ।।
বরং বরেণ্য বরদং বরদানামপীশ্বরম্।
সিদ্ধং সিদ্ধিস্বরূপঞ্চ সিদ্ধিদং সিদ্ধিসাধনম্ ।।
ধ্যানাতিরিক্তং ধ্যেয়ঞ্চ ধ্যানাসাধ্যঞ্চ ধার্মিকম্।
ধর্মস্বরূপং ধর্মজ্ঞং ধর্মাধর্ম ফলপ্রদম্ ।।
বীজং সংসারবৃক্ষাণামঙ্কুরঞ্চ তদাশ্রয়ং।
স্ত্রীপুনংপুংসকানাঞ্চ রূপমেতদতীন্দ্রিয়ম্ ।।
সর্বাদ্যমগ্রপূজ্যঞ্চ সর্বপূজ্যং গুণার্ণবম্।
স্বেচ্ছয়া সগুণং ব্রহ্ম নির্গুণঞ্চাপি স্বেচ্ছয়া ।।
সমং প্রকৃতিরূপঞ্চ প্রকৃতং প্রকৃতেঃ পরম্।
ত্বাং স্তোতুমক্ষমোঽনন্তঃ সহস্রবদনেন চ ।।
ন ক্ষমঃ পঞ্চবক্ত্রশ্চ ন ক্ষমশ্চতুরাননঃ।
সরস্বতী ন শক্ত্যা চ ন শক্তোঽহং তব স্তুতৌ ।।
ন শক্ত্যাশ্চ চতুর্বেদাঃ কে বা তে বেদবাদিনঃ।
ইত্যেবং স্তবনং কৃত্বা সুরেশং সুরসংসদি ।।

সুরেশশ্চ সুরৈঃ সার্দ্ধং বিররাম রমাপতিঃ।
ইদং বিষ্ণুকৃতং স্তোত্রং গণেশস্য চ যঃ পঠেৎ।।
সায়ং প্রাতশ্চ মধ্যাহ্নে ভক্তিযুক্তঃ সমাহিতঃ।
তদ্বিঘ্নং নিঘ্নং কুরুতে বিঘ্নেশ সততং মুনে।।
বর্দ্ধতে সর্বকল্যাণং কল্যাণজনকঃ সদা।
যাত্রাকালে পঠিত্বা তু যো যাতি ভক্তিপূর্বকম্
তস্য সর্বাভীষ্টসিদ্ধির্ভবত্যেব ন সংশয়ঃ।
তেন দুষ্টঞ্চ দুঃস্বপ্নং সুস্বপ্নমুপজায়তে।।
কদাপি ন ভবেত্তস্য গ্রহপীড়া চ দারুণা।
ভবেদ্বিনাশং শত্রুণাং বন্ধুনাঞ্চ বিবর্দ্ধনম্।।
শশ্বদ্‌বিঘ্নবিনাশশ্চ শশ্বৎ সম্পদ্বিবর্দ্ধনম্।
স্থিরা ভবেদ্ গেহে লক্ষ্মীঃ পুত্রপৌত্রবিবর্দ্ধিনী
সর্বৈশ্বর্য্যমিহ প্রাপে অন্তে বিষ্ণুপদং ভবেৎ।
ফলঞ্চাপি চ তীর্থানাং যজ্ঞানাং যদ্ভবেদ্ ধ্রুবম্।।
মহতাং সর্বদানানাং শ্রীগণেশ প্রসাদতঃ।।

—ইতি ব্রহ্মবৈবর্তপুরাণে গণেশ খণ্ডে বিষ্ণুকৃত গণেশ স্তোত্রং সমাপ্তম্।—

সঙ্কটনাশনং গণেশ স্তোত্রম্

নারদ উবাচ— প্রণম্য শিরসা দেবং গৌরী পুত্রং বিনায়কম্।
ভক্ত্যাবাসং স্মরেন্নিত্যং আয়ুস্কামার্থ সিদ্ধয়ে।।
প্রথমং বক্রাতুণ্ডঞ্চ এতদন্তঃ দ্বিতীয়কম্।
তৃতীয়ং কৃষ্ণ পিঙ্গাক্ষং গজবক্ত্রং চতুর্থকম্।।
লম্বোদর পঞ্চমঞ্চ ষষ্ঠং বিকটমেব চ।
সপ্তমং বিঘ্নরাজঞ্চ ধূম্রবর্ণং তথাষ্টকম্।।
নবমং ভালচন্দ্রঞ্চ দশমং তু বিনায়কম্।
একাদশং গণপতি দ্বাদশন্তু গজাননম্।।
দ্বাদশৈতানি নামানি ত্রিসন্ধ্যন যঃ পঠেন্নরঃ।
নাস্তি বিঘ্নভয়ং তস্য সর্বসিদ্ধিং লভেদ্ ধ্রুবম্।।
বিদ্যার্থী লভতে বিদ্যাং ধনার্থী লভতে ধনম্।
পুত্রার্থী লভতে পুত্রান্ মোক্ষার্থী লভতে গতিম্।।
ইদং গণপতি স্তোত্রং ষড়ভি মাসৈঃ ফলং লভেৎ।
সংবৎসরেণ সিদ্ধিঞ্চ লভতে নাত্র সংশয়।।

অষ্টাভ্যো ব্রাহ্মণেভ্যশ্চ লিখিত্বা যো সমর্পয়েৎ।
তস্য বিদ্যা ভবেৎসদ্যো গণেশস্য প্রসাদতঃ।।
—ইতি নারদপুরাণে সঙ্কটনাশনং নাম গণেশ স্তোত্রং সমাপ্তম্।।—
ওঁ তৎ সৎ

স্তোত্রাদি পাঠের পর ভোগের ব্যবস্থা থাকিলে তাহা নিবেদন করিয়া স্ব স্ব বেদোক্ত হোম করিবেন।

হোমবিধি (সাম)

পূর্বমুখে বসিয়া হস্ত প্রমাণ স্থান, অর্থাৎ চব্বিশ অঙ্গুলি পরিমিত স্থান গোময় বা গঙ্গাজল দ্বারা শুদ্ধ করিয়া স্থণ্ডিল প্রস্তুতপূর্বক বালুকা লিপ্ত করিবেন। স্থণ্ডিলের দক্ষিণ এক আঙ্গুল বাদ দিয়া দ্বাদশ অঙ্গুলি পরিমাণ একটি রেখা। তন্মূল হইতে স্থণ্ডিলের পশ্চিম প্রান্তে ২ আঙ্গুল বাদ দিয়া একটি উত্তরাগ্র ২১ অঙ্গুলি প্রমাণ রেখা করিবেন। দ্বাদশ অঙ্গুলি রেখার মূল হইতে ৭ অঙ্গুলি উত্তরে একটি প্রাদেশ প্রমাণ পূর্বাগ্র রেখা, তাহার ৭ অঙ্গুলি উত্তরে আর একটি প্রাদেশ প্রমাণ পূর্বাগ্র রেখা, তাহার ৭ অঙ্গুলি উত্তরে আর একটি প্রাদেশ প্রমাণ এইরূপ রেখা টানিবেন। এই ৫টি রেখাকরণের সময় মন্ত্র পাঠ করিবেন। যথা—১২ অঙ্গুলি পরিমাণ পূর্বাগ্র

রেখা—"ওঁ রেখেয়ং পৃথ্বীদেবতাকা পীতবর্ণা ।। ১ ।।" তন্মূলে ২১ অঙ্গুলি প্রমাণ উত্তরাগ্র রেখা—"ওঁ রেখেয়ং অগ্নিদেবতাকা লোহিতবর্ণা ।। ২ ।।" প্রথম রেখা হইতে ৭ অঙ্গুলি প্রাদেশ প্রমাণ পূর্বাগ্র রেখা—"ওঁ রেখেয়ং প্রজাপতিদেবতাকা কৃষ্ণবর্ণা ।। ৩ ।।" পুনঃ ৭ অঙ্গুলি অন্তরিত প্রাদেশ প্রমাণ পূর্বাগ্র রেখা—"ওঁ রেখেয়মিন্দ্রদেবতাকা নীলবর্ণা ।। ৪ ।।" তাহা হইতে প্রাদেশ প্রমাণ পূর্বাগ্র রেখা—"ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা ।। ৫ ।।"

